

নাগেশ্বরীতে উপবৃত্তির টাকায় গাইড বই দেয়ার অভিযোগ

■ নাগেশ্বরী (কুড়িগ্রাম) সংবাদদাতা

নাগেশ্বরীতে শিক্ষকের বিরুদ্ধে আনন্দ স্কুলের শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা না দিয়ে জোরপূর্বক নিষিদ্ধ গাইড বই দেয়ার অভিযোগ পাওয়া গেছে। এতে ক্রুদ্ধ শিক্ষার্থী ও অভিভাবকের মাঝে ক্ষোভ বিরাজ করছে।

রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রস্ক) প্রকল্প-২ এর অধীন চলমান ৩ শত আনন্দ স্কুলের শিক্ষার্থীকে উপবৃত্তির টাকা জনপ্রতি ৬ শ'র হলে ২ শ' করে দেয়া হয়েছে। বাকি ৪ শত টাকার পরিবর্তে জোরপূর্বক প্রাথমিক সমাপনী গাইড বই দেয়া হয়েছে।

এ ছাড়াও কাগজে কলমে প্রতি স্কুলে ৩৫ শিক্ষার্থী

থাকলেও দক্ষিণ ইন্দ্রগড় স্কুলে ২১ জন, সুবলপাড়ে ১৯ জন, ব্রহ্মতর আনন্দ স্কুলে ১৪ জন শিক্ষার্থীকে জনপ্রতি ২ শত টাকা ও বাকি ৪ শতের পরিবর্তে দেয়া হচ্ছে প্রাথমিক সমাপনী গাইড। উপজেলার প্রায় সব আনন্দ স্কুলের একই অবস্থা।

ইন্দ্রগড় আনন্দ স্কুলের শিক্ষিকা মৌসুমি, সুবলপাড় আনন্দ স্কুলের শিক্ষক আলমগীর হোসেন, ব্রহ্মতর আনন্দ স্কুলের শিক্ষক আব্দুল মান্নান জানান, কর্মকর্তার নির্দেশে তারা এমনটি করছেন। রস্ক-২ প্রকল্পের উপজেলা কো-অর্ডিনেটর কামরুজ্জামান বলেন, এখানে অধ্যয়নরত শিক্ষার্থীরা সকলেই গরিব। সামনে সমাপনী পরীক্ষা তাই উপবৃত্তির টাকায় তাদের গাইড বই দেয়ার পরামর্শ দেয়া হয়েছে।



নাগেশ্বরী (কুড়িগ্রাম): উপবৃত্তির টাকায় দেয়া প্রাথমিক সমাপনী গাইড হাতে দক্ষিণ ইন্দ্রগড় আনন্দ স্কুলের শিক্ষার্থীরা — ইত্তেফাক